তারিখঃ ০৬/১১/২০২২

বরাবর,
প্রকৌশলী এ.কে. এম সহিদ উদ্দিন
উপ - ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ও
সিনিয়র সিস্টেম এনালিস্ট (অ: দা:)
এম আই এস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা।

বিষয়: **"Paperless Payment System Software for Dhaka WASA"** সফটওয়্যারটি ঢাকা ওয়াসার কেন্দ্রীয় সার্ভারে লাইভকরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৪৬. ০৫. ০০০০. ২২৩. ৩২. ০০৪. ২২/ ৯২৯ তারিখঃ ০২ /১১ /২০২২

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "Paperless Payment System Software for Dhaka WASA" সফটওয়্যারটি টেস্টিং এবং ঢাকা ওয়াসার কেন্দ্রীয় সার্ভারে লাইভকরণের জন্য ২৫/০৯/২০২২ তারিখে সার্ভার এবং Real IP চাহিয়া আবেদন করা হয়, আমাদের আবেদনের প্রেক্ষিতে বিগত ২০/১০/২০২২ তারিখে সার্ভার প্রদান করা হলে, আমরা ২২/১০/২০২২ তারিখে ওয়াসার কেন্দ্রীয় সার্ভারে "Paperless Payment System Software for Dhaka WASA" সফটওয়্যারটি আপলোড করতঃ এম আই এস এন্ড বিলিং ডিপার্টমেন্টের সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার মহোদয়কে তাহা টেস্টিংয়ের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানানো হয়। অনুরোধের প্রেক্ষিতে আগামী ০৮/১১/২০২২ তারিখ হতে ১০/১১/২০২২ পর্যন্ত সফটওয়্যার টেস্টিং করার জন্য সময় নির্ধারণ করেছেন।

উল্লেখ্য সফটওয়্যারটি সার্ভারে আপলোড করার পর থেকেই আমাদের দক্ষ ডেভেলপার ও কোয়ালিটি এসিউরেন্স প্রোগ্রামারগণ সার্বিক সহযোগিতার জন্য তৈরি আছেন।

ঢাকা ওয়াসার ডিজিটালাইজেশনের বৈপ্লবিক অগ্রযাত্রায় শরীক হতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত । আমাদের দৃঢ়বিশ্বাস এই সহযোগিতা ভবিষ্যতে আরো সুদৃঢ় হবে।

ধন্যবাদান্তে

মো : রফিকুল ইসলাম
ম্যানেজিং ডিরেক্টর
কোডার ডি ঢাকা লিমিটেড.